# জে এস সি পরীক্ষা - ২০১৮ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা বিষয় কোড: ১ ০ ১

### সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

### [দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### ক অংশ — গদ্য

**১.▶** মধুপুর গাঁয়ে এক গোধূলী সন্ধ্যায় বাঁশঝাড়ের পাশ দিয়ে বাড়ি ফিরেছিল কুসুম। সেদিন রাত থেকে টানা ছয় দিনের জ্বরে নিস্তেজ হয়ে পড়ে সে। ডাক্তার বনমালী কুসুমকে পরীক্ষা নিরীক্ষা করে বলল— টাইফয়েড। প্রয়োজনীয় ঔষধ সেবনে নিরাময় সম্ভব বলে জানালেন তিনি। কিন্তু কুসুমের বাবা সাদেক আলীর অনড় বিশ্বাস এ জ্বরের কারণ ভূত-প্রেতের আছর।

ক. ‘হারানের নাতজামাই’ কীরূপ রচনা? ১

খ. নগেন কেন ভেবেছিল সে পাগল হয়ে গেছে? ২

গ. উদ্দীপকে কুসুমের বাবা ও ‘তৈলচিত্রের ভূত’ গল্পের নগেনকে কোন বিবেচনায় একই মানসিকতার অধিকারী বলা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. “উদ্দীপক ও ‘তৈলচিত্রের ভূত’ গল্পের ভৌতিক ভাবনা দূরীকরণে বনমালী ও পরাশর ডাক্তারের মতো বিজ্ঞানমনস্ক মানুষের প্রয়োজন।”— মন্তব্যটির প্রাসজ্গিকতা তুলে ধরো। ৪

**২.▶** কেরানী কলিমুদ্দির ঘরে নিরন্তর অভাব। তাই পৃথিবীটা তার কাছে মনে হয় কালো ধোঁয়া। কর্মক্লান্ত দিন শেষে উর্ধ্বতন কর্মকর্তার লকারে নগদ পঞ্চাশ হাজার টাকা অরক্ষিত অবস্থায় দেখে মুহূর্তে থমকে যাওয়া কলিমুদ্দি শেষপর্যন্ত লকার তালাবদ্ধ করে ফিরে চলে আপন নীড়ে।

ক. ‘পত্রপাঠ বিদায়’ কথাটির অর্থ কী? ১

খ. ‘অদেষ্ট, একেই বলে বাবু অদেষ্ট’— জনৈক কাপালির এ কথা বলার কারণ বুঝিয়ে লেখো। ২

গ. “উদ্দীপকে ‘পড়ে পাওয়া’ গল্পের কোন দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. "উদ্দীপকের কলিমুদ্দির মনোভাব ও 'পড়ে পাওয়া' গল্পের কিশোরদের অনুভূতি এক সূত্রে গাঁথা হলেও তাদের প্রেক্ষাপট ভিন্ন"— মন্তব্যটি যথার্থতা নিরূপন করো। ৪

৩.▶ লেখক, রাজনীতিবিদ ও মানবাধিকার ও চিন্তক হিসেবে লেনসন ম্যান্ডেলা পৃথিবীর মানুষের কাছে এক অতি শ্রদ্ধেয় নাম। দক্ষিণ আফ্রিকার এই অবিসংবাদী নেতা শেতাঙ্গ শাসনের বিরুদ্ধে কৃষ্ণাঙ্গদের জন্য যুদ্ধ করেছেন। বহুমাত্রিক অবদানের জন্য দক্ষিণ আফ্রিকার ভূগোল পেরিয়ে তিনি পৌঁছে গেছেন বিশ্ব-ভূগোলে। যেখানেই জাতিগত বা বর্ণগত বৈষম্য, সামাজিক অসমতা- সেখানেই সাধারণ মানুসের কাছে এক দীপ্র নাম ম্যান্ডেলা।

ক. ব্যারাক কী? ১

খ. 'রক্তের দাগ শুকায় নাই'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের লেনসন ম্যান্ডেলার সাথে বঙ্গবন্ধুর বৈসাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. "বৈসাদৃশ্য সত্ত্বেও জাতীয়তাবাদী আন্দোলনে তাঁরা একে অপরের প্রতিচ্ছবি।"— মন্তব্যটির স্বপক্ষে তোমার মতামত তুলে ধরো। ৪

## খ অংশ — কবিতা

৪.▶ পুরুষ এনেছে দিবসের জ্বালা তপ্ত রৌদ্রদাহ
কামিনী এনেছে-যামিনী-শান্তি, সমীরণ, বারিবাহ।
দিবসে দিয়াছে শক্তি-মাংস, নিশীথে হয়েছে বধু
পুরুষ এসেছে মরুতৃষা লয়ে নারী যোগায়েছে মধু।

ক. কাজী নজরুল ইসলাম কত সালে মৃত্যুবরণ করেন? ১

খ. ইতিহাসে পুরুষের অবদান যতটা লেখা হয়েছে, নারীর অবদান ততটা লেখা হয়নি কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'নারী' কবিতার তুলনামূলক আলোচনা করো। ৩

ঘ. 'মানবসভ্যতা নির্মাণে পুরুষ ও নারীর যৌথ ভূমিকা রয়েছে'— উদ্দীপক ও 'নারী কবিতার আলোকে মন্তব্যটির যথার্থতা তুলে ধরো। ৪

৫.▶ হুকোর জল আর ভাতের হাঁড়ি— ভাবলি এতেই জাতির জ্ঞান,
তাইত বেকুব, করলি তোরা এক জাতিকে একশ—খান।

https://teachingbd24.com

ক. লালন শাহের গানের বিশেষ বৈশিষ্ট্য কী? ১

খ. 'জেতের ফাতা' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বক্তব্য 'মানবধর্ম' কবিতার মূল বক্তব্যের সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "জাতগত বৈষম্য মানবাধিকারকে লঙ্ঘণ করে বলে জাতগত বৈষম্যের প্রতি উষ্মার প্রকাশ ঘটেছে উদ্দীপক ও 'মানবধর্ম' কবিতায়।"— আলোচনা করো। ৪

৬. ▶ তোমার ওই নামে জাগে রবি-শশী
পাখি গাহে গান স্তুতি করে বলে
ভালোবাসি।
ওহে মহান ওই নদীর জলের মত যেন,
তোমারই দেয়া গানের বাণীতে সুরে বহি হেন।
তুমি ধরণী দিন-রাত সবার প্রভু
নাহি যেন ভুলি নাহি যেন চলি বিপথে কভু।

ক. 'প্রার্থনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১

খ. 'তোমার দুয়ারে আজি রিক্ত করে'— বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. উদ্দীপকে 'প্রার্থন' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'প্রার্থনা' কবিতার সমগ্র ভাবকে ধারণ করে কী? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

## নির্মিতি অংশ—৩০

**৭. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

**ক. সারমর্ম লেখ:**

নমঃ নমঃ নমঃ সুন্দরী মম জননী বঙ্গভূমি!
গঙ্গার তীর, স্নিগ্ধ সমীর, জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগনললাট চুমে তব পদধূলি
ছায়াসুনিবিড় শান্তিরনীড় ছোট ছোট গ্রামগুলি।
পল্লবঘন আম্রকানন রাখালের খেলাগেহ,
স্তব্ধ অতল দিঘি কালোজল— নিশীথ শীতল স্নেহ।

teachingbd24.com

https://teachingbd24.com

বুকভরা মধু বঙ্গের বধূ জল লয়ে যায় ঘরে—
মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে।

খ. **সারাংশ লেখ:**

কোথা থেকে এসেছে আমাদের বাংলা ভাষা? ভাষা কি জন্ম নেয় মানুষের মতো? বা যেমন বীজ থেকে গাছ জন্মে তেমনভাবে জন্ম নেয় ভাষা? না, ভাষা মানুষ বা তরুর মতো জন্ম নেয় না। বাংলা ভাষাও মানুষ বা তরুর মতো জন্ম নেয়নি, কোনো কল্পিত স্বর্গ থেকেও আসেনি। এখন আমরা যে বাংলা ভাষা বলি এক হাজার বছর আগে তা ঠিক এমন ছিল না। সে ভাষায় এ দেশের মানুষ কথা বলত, গান গাইত, কবিতা বানাত। মানুষের মুখে মুখে বদলে যায় ভাষার ধ্বনি। রূপ বদলে যায় শব্দের, বদল ঘটে অর্থের। অনেক দিন কেটে গেলে মনে হয় ভাষাটি একটি নতুন ভাষা হয়ে উঠেছে। আর সে ভাষার বদল ঘটেই জন্ম হয়েছে বাংলা ভাষার।

৮. **ভাবসম্প্রসারণ কর: (যেকোনো একটি)** ৫×১=৫

ক. জন্মিলে মরিতে হবে অমর কে কোথা কবে
চিরস্থির কবে নীর হয় রে জীবন নদে?

খ. একতাই বল।

৯. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

ক. মনে করো, তুমি কুসুম। তোমার ছোট বোন কলি ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। তাকে 'পরীক্ষায় অসদুপায় অবলম্বন ব্যক্তি তথা জাতির জন্য হুমকিস্বরূপ' এই মর্মে একটি পত্র লেখো।

খ. মনে করো, তুমি কল্লোল, চট্টগ্রামের ফতেহপুর উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্র। তোমার স্কুলে একটি 'বিজ্ঞান ক্লাব' গঠনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লেখো।

১০. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:** ১৫×১=১৫

ক. কর্মমুখী শিক্ষা।

খ. দৈনন্দিন জীবনে বিজ্ঞান

গ. ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য

Teachingbd24.com

বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. 'পড়ে পাওয়া' গল্পটি লেখকের কোন সময়ের কথা?
ক) শিশুবেলার
খ) ছেলেবেলার
গ) যৌবনকালের
ঘ) কিশোরকালের

২. আমি কি পাগল হয়ে গেছি? কার উক্তি?
ক) নগেনের খ) পরেশের
গ) খগেনের ঘ) নৃপেনের

৩. মাইকেল মধুসূদন দত্ত রচিত পত্রকাব্য কোনটি?
ক) বীরাঙ্গনা খ) শর্মিষ্ঠা
গ) পদ্মাবতী ঘ) মেঘনাদবধ

৪. নিচের কোন শব্দে 'এ' ধ্বনির উচ্চারণ স্বাভাবিক?
ক) কেক খ) এক
গ) কেন ঘ) বেলা

৫. শৈবাল শব্দের বহুবচন কোনটি?
ক) শৈবাল গুচ্ছ
খ) শৈবাল মালা
গ) শৈবাল দাম
ঘ) শৈবাল পুঞ্জ

৬. চৌহান কী?
ক) সেনাদের প্রাচীন শাখা
খ) মুঘলদের প্রাচীন শাখা
গ) রাজপুত্রদের প্রাচীন শাখা
ঘ) পাঠানদের প্রাচীন শাখা

৭. হালখাতা কেন করা হয়?
ক) ক্রেতাকে মিষ্টিমুখ করানোর জন্যে
খ) আনন্দ উৎসব করার জন্যে
গ) বাকি আদায় ও ক্রেতার সাথে সুসম্পর্কের জন্যে
ঘ) বাকি আদায় ও আনন্দ উৎসব করার জন্যে

৮. বসতবাড়ি কী উপায়ে গঠিত সাধিত শব্দ?
ক) সন্ধিযোগে খ) প্রত্যয়যোগে
গ) সমাসযোগে ঘ) উপসর্গযোগে

৯. সাধারণত কোনটির সঙ্গে অর্থের সংশ্লিষ্টতা থাকে না?
ক) ধ্বনির খ) বর্ণের
গ) অক্ষরের ঘ) ব্যঞ্জনের

১০. কোনটি উভয় লিঙ্গ?
ক) বিদ্বান খ) সৈন্য
গ) কোকিলা ঘ) বাঙালি

১১. 'সুখী মানুষ' নাটিকায় কয়টি দৃশ্য বিদ্যমান?
ক) একটি খ) দুটি
গ) তিনটি ঘ) চারটি

১২. 'মানুষের চেয়ে বড় কিছু নাই নহে কিছু মহীয়ান' পঙ্ক্তিতে 'মানবধর্ম' কবিতার যে দিকটি প্রকাশ পেয়েছে—
i. সাম্প্রদায়িক চেতনা
ii. অসাম্প্রদায়িক চেতনা
iii. মানুষের জয়গান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩. 'বঙ্গভূমির প্রতি' কবিতায় 'জীব-তারা যদি খসে' চরণটিতে কী বোঝানো হয়েছে?
ক) জীবনের সৌন্দর্য
খ) জীবের প্রতি দয়া
গ) জীবনের গতিময়তা
ঘ) জীবনের অবসান

Teachingbd24.com

১৪. 'দুই বিঘা জমি' কবিতায় উপেন চরিত্রে যেসব বৈশিষ্ট্য ফুটে উঠেছে—

i. স্মৃতিকাতরতা
ii. দেশপ্রেম
iii. প্রতিবাদ মুখরতা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৫. নিচের কোনটি শ্রেণিবাচক বিশেষ্য?

(ক) জনতা (খ) মেঘনা
(গ) চট্টগ্রাম (ঘ) গাছ

১৬. বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি?

(ক) ২টি (খ) ৫টি
(গ) ৬টি (ঘ) ৭টি

১৭. ছেলেটি অংকে কাঁচা— এখানে 'কাঁচা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?

(ক) অপক্ক
(খ) দুর্বল
(গ) অদক্ষ
(ঘ) অপরিণত

১৮. বাংলাদেশে বর্তমানে চিত্রকলার অত্যন্ত জনপ্রিয় মাধ্যম কোনটি?

(ক) জলরং
(খ) কালিকলম
(গ) প্যাস্টেল রং
(ঘ) তেল মিশ্রিত রং

১৯. একটি সুন্দর কথা দ্বারা কেউ কেউ মানুষের ব্যথা দূর করে না কেন?

(ক) কথার মর্যাদা নেই
(খ) সহায়তা দানের ভয়ে
(গ) সমালোচনার ভয়ে
(ঘ) পরশ্রীকাতরতায়

২০. 'নিরীহ' শব্দের বিপরীত শব্দ কোনটি?

(ক) শান্ত (খ) অনিরীহ
(গ) দুর্দান্ত (ঘ) বাচাল

২১. বাংলা ভাষার উৎপত্তি হয়েছে কোন শতাব্দীতে?

(ক) পঞ্চম (খ) সপ্তম
(গ) নবম (ঘ) দশম

[দ্রষ্টব্য: প্রশ্নটি সিলেবাস বহির্ভূত]

২২. কোন বর্ণের সংক্ষিপ্ত রূপ নেই?

(ক) আ (খ) উ
(গ) ঈ (ঘ) অ

২৩. ইউক্যালিপটাস গাছের সবচেয়ে উঁচু ডালে বসে প্রত্যহ ডাকত কোন পাখিটা?

(ক) বুলবুলি
(খ) বেনে বৌ
(গ) শ্যামা
(ঘ) টুনটুনি

২৪. কোনটি নববর্ষের আঞ্চলিক উৎসব?

(ক) বৈসাবি (খ) হালখাতা
(গ) পুণ্যাহ (ঘ) মেলা

২৫. নিচের কোনটি স্বরসন্ধির উদাহরণ?

(ক) উচ্ছেদ (খ) মিথ্যুক
(গ) কাঁচকলা (ঘ) দিগন্ত

২৬. নিত্য পুরুষ বাচক শব্দ কোনটি

(ক) শিক্ষক (খ) কবি
(গ) বিপত্নীক (ঘ) ডাক্তার

২৭. বুদবুদের মতো হৃদয়ে কী জেগে উঠে?

(ক) সংশয় (খ) শুভ্রচিন্তা
(গ) সংকল্প (ঘ) ভয়-ভীতি

২৮. কবি কায়কোবাদ কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?

(ক) ১৮৮৫ (খ) ১৮৮৬
(গ) ১৮৯০ (ঘ) ১৮৯১

২৯. কোনটি ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ?

(ক) বালিকা (খ) গায়িকা
(গ) নায়িকা (ঘ) পুস্তিকা

৩০. আত্মবাচক সর্বনাম কোনটি?

(ক) আমি (খ) আপনি
(গ) তুমি (ঘ) উনি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ | ২১ | | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |